**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

**EI YUG**

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 20 JANUARY 2026 ,TUESDAY | ২০ জানুয়ারি ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-52


## SIR শুনানিতে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড কে গ্রহণযোগ্য করার নির্দেশ সুপ্রিম কোর্টের



এই যুগ ,দিল্লি ,১৯ জানুয়ারি : পশ্চিমবঙ্গে চলছে জোর কদমে SIR শুনানির কাজ । নির্বাচন কমিশন জানিয়েছিল SIR শুনানিতে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড গ্রহণযোগ্য নয় । এর পর ও যেসমস্ত ভোটার রা বৈধ নথি হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড জমা দিয়েছেন, ফের তাদের শুনানি তে ডাকা হবে বলে নয়া নির্দেশ দেয় নির্বাচন কমিশন। এছাড়াও মাধ্যমিকের অ্যাডমিট গ্রহণ করলে শাস্তি হবে বলেও জানিয়েছিল নির্বাচন কমিশন। উল্লেখ্য, SIR শুনানিতে বৈধ নথি হিসেবে একাধিক ভোটার মাধ্যমিকের অ্যাডমিট কার্ড জমা করার অভিযোগ উঠে । তারপরই নির্বাচন কমিশনের তরফে পরিষ্কার করে জানানো হয় , বৈধ নথি হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড গ্রহণযোগ্য নয় SIR এ। কিন্তু সোমবার SIR সংক্রান্ত মামলায় নির্বাচন কমিশনের মাধ্যমিকের অ্যাডমিট কার্ড গ্রহণযোগ্য নয় এর সিদ্ধান্তকে খারিজ করে SIR মামলার শুনানিতে কমিশনকে পাল্টা অ্যাডমিট কার্ড গ্রহণ করার নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। এদিন মাধ্যমিকের অ্যাডমিট কার্ড প্রসঙ্গে সুপ্রিম কোর্টে জানিয়ে দেয়, এই নথি গ্রহণযোগ্য তালিকাভুক্ত করতে হবে। এই রায়ে কিছুটা স্বস্তিতে SIR শুনানিতে বৈধ নথি হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড জমা করা ভোটাররা বলাই বাহুল্য।

## উদ্ধার ব্রাউন সুগার ,গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ১৯ জানুয়ারি : মালদহ জেলা পুলিশের কালিয়াচক থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে থানা এলাকার আঠারো মআইল বাস স্ট্যান্ড লাগোয়া একটি আসবাবপত্রের দোকানের সামনে অভিযান চালিয়ে তিন জনকে আটক করে। একটি মোটর সাইকেল করে তারা আসছিলো। আটক তিনজনকে তল্লাশী করে তাদের হেফাজত থেকে উদ্ধার হয় তিনশো সাত গ্রাম ব্রাউন সুগার। মোটরসাইকেল সহ ব্রাউন সুগার বাজেয়াপ্ত করে আটক তিন জনকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতরা হলো আরমান শেখ(১৯), পিতা - সামিজুল শেখ, মুরসালিম শেখ (২১) পিতা - আমিরুল শেখ, আকতার শেখ (৩৬) পিতা মৃত আনিসুর শেখ। সকলেই কালিয়াচক থানার সেরশাহী লক্ষীপুর গ্রামের বাসিন্দা। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে ব্রাউন সুগার উদ্ধার, মোটরসাইকেল সহ ব্রাউন সুগার বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পুলিশ সোমবার ধৃতদের আদালতে পাঠিয়েছে। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

## সব কা সাথ সব কা বিকাশ নীতিতে পাহাড় তরাই ডুয়ার্সের উন্নয়নে অগ্রাধিকার প্রধানমন্ত্রীর ,বললেন সাংসদ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৯ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের তোরসা চা বাগানের খেলার মাঠে সোমবার আয়োজিত হয় আলিপুরদুয়ার জেলা বিজেপির উদ্যোগে পরিবর্তন সংকল্প সভা। এদিনের সভায় প্রধান বক্তা ছিলেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্তা । তিনি তার বক্তব্যে বলেন পাহাড়, তরাই, ডুয়ার্স সহ উত্তরবঙ্গের উন্নয়ন তৃণমূলের শাসনে উপেক্ষিত। অথচ এই অঞ্চলের গুরুত্ব অপরিসীম। এখানকার চা শ্রমিকরা তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত। চা শ্রমিকদের পরজা পাট্টা প্রদান করতে রাজ্যের শাসক দল অস্বীকার করেছে। বনাধিকার আইন ২০০৬ লাগু করতে অস্বীকার করে রাজ্যের শাসক তৃণমূল বনাঞ্চলের বাসিন্দাদের বঞ্চিত করে রেখেছে। রাজ্যে কর্মসংস্থান নেই। এখানকার যুবকরা কাজের সন্ধানে অন্য রাজ্যে যাচ্ছে। শিক্ষক নিয়োগ না হওয়ায় শিক্ষা ক্ষেত্রে শুন্যতার সৃষ্টি হয়েছে। শিক্ষক সহ বিভিন্ন সরকারি চাকরিতে নিয়োগে রাজ্যের শাসক দলের নেতা মন্ত্রীরা জড়িত, বালি, কয়লা, জমি মাফিয়ারা শাসক দলের মদতে সক্রিয়। অবৈধ অস্ত্র, ড্রাগ ও মানব পাচারকারীদের রমরমা চলছে রাজ্যে। এই গুরুত্বপূর্ণ অঞ্চল আজ পিছিয়ে পড়েছে রাজ্যের শাসকদলের অবহেলায়। সব কা সাথ সবকা বিকাশ নীতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই এলাকার উন্নয়ন কে অগ্রাধিকার দিয়ে কাজ করছেন। আসন্ন বিধানসভা নির্বাচনে তৃণমূলের শাসনকে উৎখাত করার জন্য বিজেপিকে ভোট দেবার আহবান জানান সাংসদ রাজু বিস্তা। উপস্থিত ছিলেন বিজেপির আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাস, আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা, কালচিনির বিধায়ক বিশাল লামা ও কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও সহ অন্যান্য নেতৃত্ব।

## জুট মিলের কর্মীদের বসিয়ে দেবার প্রতিবাদে সরব হাওড়া পৌর নিগমের প্রাক্তন মেয়র পরিষদ বিভাস হাজরা



এই যুগ , হাওড়া, ১৯ জানুয়ারি : হাওড়ার দাশনগর ভারত জুট মিলের বর্তমান ম্যানেজমেন্ট সরকারের বদনাম করার জন্য মিলের ৫০ জন শ্রমিককে বসিয়ে দিয়েছে । তারই প্রতিবাদে ও শ্রমিকদের নিয়োগের দাবিতে সোমবার সকালে অবস্থানে বসেছেন হাওড়া পৌর নিগমের প্রাক্তন মেয়র পরিষদ বিভাস হাজরা মহাশয়।

# আলিপুরদুয়ার জেলা আদালতের নতুন বিল্ডিংয়ে আত্মহত্যার চেষ্টা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ জানুয়ারি : যে আদালতের পক্ষ থেকে আসামির ফাঁসি থেকে শুরু করে মৃত্যুদণ্ড ঘোষণা হওয়ার কথা সেই আদালতের বিল্ডিংয়ের ছাদেই আত্মহত্যার চেষ্টা এক ব্যক্তির ।আলিপুরদুয়ার জেলা আদালতে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে সোমবার বিকেলে। চোখের পলকে নিজেকে শেষ করে দেওয়ার প্রয়াস করে সে। আদালতের কর্মীদের তৎপরতায় রক্ষা পেল তাঁর প্রাণ। ব্যস্ততম এলাকায় এমন ঘটনা দেখে হতবাক হয়ে যায় আমজনতা। আদালতের রেকর্ড রুমের ছাদে আত্মহত্যার চেষ্টা করে ওই ব্যক্তি।জানা যায় সোমবার আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ারের নবনির্মিত জেলা আদালতের রেকর্ড রুমের ছাদে আত্মহত্যার চেষ্টা করে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তি। সোমবার ঘটনা ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়ায় জেলা আদালত চত্বরে। সেই ব্যক্তিকে উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের আই সি ইউ তে ভর্তি করা হয় বলে জানা গিয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে ওই ব্যক্তির নাম ওই ব্যক্তির বাড়ি আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের চণ্ডীর ঝাড় এলাকায় তার নাম অজয় বর্মন।

# মহা সড়কের কাজের দরুন ব্যাপক যানজট চেকো এলাকায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ জানুয়ারি : দিনভর নাজেহাল হতে হয়েছে আলিপুরদুয়ার জেলা শহরের পাশে তৈরি হওয়া মহাসড়ক দিয়ে যাতায়াতকারী যানবাহন সহ সাধারণ মানুষকে। সলসলাবাড়ি থেকে ফালাকাটা পর্যন্ত মহাসড়কের কাজ শুরু হয়েছে অনেকদিন আগেই। মাঝপথে বন্ধ ছিল সেই কাজ। এবার মহাসড়কের কাজ শুরু হয়েছে দ্রুতগতিতে আলিপুরদুয়ার জেলার চেকো এলাকায়। মহাসড়ক তৈরির দরুণ মূল সড়কের দুপাশে ফেলানো হয়েছে বালি আর এর ফলে ব্যাপক যানজট তৈরি হয়েছে আলিপুরদুয়ার থেকে ভাটিবাড়ী, শামুকতলা, কামাখ্যাগুড়ি যাতায়াতকারী রাস্তা চেকো এলাকায়। সকাল থেকে সন্ধ্যা গাড়ির লম্বা লাইন।আগামী বেশ কয়েকদিন ধরে চলবে এই যানজট এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে মহাসড়কের কাজের দরুন।

# সুস্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন শামুকতলায়






মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ জানুয়ারি : শামুকতলা সুস্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন করলেন আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতির সদস্যা জ্যোতি দাস অধিকারী এমনটাই জানা গেছে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। দীর্ঘদিন ধরে শামুকতলা গ্রাম পঞ্চায়েত ভবনের পাশে একটি ভাঙ্গা ঘরে এই সুস্বাস্থ্য কেন্দ্র চলছিল। স্বাস্থ্য কর্মীদের বসার মত কোন জায়গা ছিল না। দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে শামুকতলা গ্রাম পঞ্চায়েত দপ্তরের পাশেই বৃহৎ আকার বিল্ডিং তৈরি করে । সোমবার সুস্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে প্রদীপ প্রজ্জলনের মাধ্যমে ফিতা কেটে। এদিন এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শামুকতলা গ্রাম পঞ্চায়েত প্রধান আজেন মিনজ রাহাবিয়ম টুডু পুলক বিশ্বাস সহ পবন রাই এবং এলাকার বিশিষ্টজনেরা। উপস্থিত ছিলেন সুস্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য কর্মীরা। বিধানসভা ভোটের প্রাক্কালে সুস্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধনে উপকৃত হবেন এলাকার বাসিন্দারা জানিয়েছেন তৃণমূলের ব্লক সভাপতি জ্যোতি দাস অধিকারী। তিনি আরো জানান শুধু শামুকতলা সুস্বাস্থ্য কেন্দ্র নয় মোট ৫৩ টি সুস্বাস্থ্য কেন্দ্র তৈরি হচ্ছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুপ্রেরণায়।

# মরা নদী ভরাট নিয়ে বিতর্ক যশোডাঙ্গায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ জানুয়ারি : খাটাজানি মরা নদী ভরাট নিয়ে বিতর্ক ছড়িয়েছে। এলাকাবাসীদের দাবি মরা নদী ভরাট হলে এলাকা ডুবে যাবে অন্যদিকে টটপাড়া পাথর মিলের মালিক জানিয়েছেন জল নিকাশি ব্যবস্থার কোনরকম সমস্যা হবে না । ঘটনাস্থলে ছুটে এসেছেন শামুকতলা থানার পুলিশ ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা বাস স্ট্যান্ড সংলগ্ন টটপাড়া পাথর মিলের পেছনে। টটপাড়া পাথর মিলের সম্প্রসারণ করা হচ্ছে আর এর ফলে পাথর মিলের পেছনে অবস্থিত খাটাজানি মরা নদীর উপর মাঠে ফেলে ভরাট করা হচ্ছে গত দুদিন ধরে। সোমবার পাথর মিল সংলগ্ন বাসিন্দারা পাথর মিলে গিয়ে বিক্ষোভ দেখিয়ে কাজ বন্ধ করে দেন । ঘটনাস্থলে ছুটে আসেন শামুকতলা থানার পুলিশ পুলিশ এসে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে আলোচনা করেন এবং কাজ বন্ধ রাখা হয়। এলাকাবাসীর দাবি খাটাজানি নদী ভরাট হলে এলাকায় জলমগ্ন হয়ে যাবে। অতিরিক্ত বৃষ্টি হলে যশোডাঙ্গা বাজার সহ পার্শ্ববর্তী এলাকাগুলি জলে ডুবে যাবে। তাছাড়া তাদের আরো দাবী নদী ভরাট করার বিষয় নিয়ে তারা বিভিন্ন দপ্তরে গন স্বাক্ষরিত লিখিত অভিযোগ জানাবেন খুব শীঘ্রই। যদিও পাথর মিলের মালিক দীপক সরকার টেলিফোনে জানিয়েছেন জল নিয়ে কোন সমস্যা হবে না। চল পারাপারের জন্য বড় ব্রীজ তৈরি করা হবে। এদিকে গ্রামবাসীদের মধ্যে থেকে অভিযোগ উঠেছেন নদী ভরাট নিয়ে তবে ভৌগোলিক মানচিত্রে মরা কিংবা জীবিত নদী আছে কিনা তা জানা যায়নি।

# ভারতীয় টাকার জাল নোট সহ গ্রেপ্তার দুই




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ১৯ জানুয়ারি : মালদহ জেলা পুলিশের বৈষ্ণবনগর থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে থানা এলাকার আঠারো মেইল বাস স্ট্যান্ডের কাছে একটি আসবাবপত্রের দোকানের সামনে অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় ভারতীয় টাকার জাল নোট। উদ্ধার হওয়া জাল টাকার পরিমান দুই লক্ষ চুয়াত্তর হাজার টাকা। এগুলির মধ্যে পাঁচশো টাকার তিনশো বাহাত্তরটি ও দুশো টাকার চারশো চল্লিশটি নোট রয়েছে। পুলিশ জাল নোট বাজেয়াপ্ত করে আটক দুই জনকে গ্রেপ্তার করে। ধৃতদের নাম আমজাদ শেখ (৫৪), পিতামৃত তাজিমুল শেখ, চক সেহেরডি, বিশ্বাস পাড়ার বাসিন্দা ও নালেপ আলি (৪৫) পিতামৃত কাশিম শেখ, চক সেহেরডি কাশিমটোলার বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে সোমবার আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# ময়নাগুড়িতে বাসের স্টিয়ারিং লক হয়ে দুর্ঘটনা ,অল্পের জন্য রক্ষা পেলেন যাত্রীরা



কনক অধিকারী, এই যুগ, জলপাইগুড়ি, ১৯ জানুয়ারি : সোমবার দুপুরে ময়নাগুড়ির বৌলবাড়ি এলাকায় এক ভয়াবহ বাস দুর্ঘটনার হাত থেকে অল্পের জন্য রক্ষা পেলেন যাত্রীরা। যান্ত্রিক গোলযোগের জেরে নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি রাস্তার ধারের একটি বিদ্যুতের খুঁটিতে ধাক্কা মারে। ঘটনায় এক কলেজ ছাত্রী সামান্য আহত হয়েছেন।জানা গিয়েছে, সোমবার দুপুর নাগাদ বাসটি যখন বৌলবাড়ি এলাকা দিয়ে যাচ্ছিল, তখন আচমকাই বাসটির স্টিয়ারিং লক হয়ে যায়। চালক নিয়ন্ত্রণ রাখার চেষ্টা করলেও শেষ রক্ষা হয়নি এবং বাসটি সরাসরি বিদ্যুতের খুঁটিতে গিয়ে সজোরে ধাক্কা মারে। বড়সড় দুর্ঘটনা না ঘটলেও বাসের এক যাত্রী, যিনি পেশায় কলেজ ছাত্রী, তিনি আঘাত পান। ঘটনার খবর পাওয়ামাত্রই দ্রুত সেখানে পৌঁছান ময়নাগুড়ি থানার পুলিশ।আইসি সুবল ঘোষ নিজে সেখানে গিয়ে আহত ছাত্রীকে উদ্ধার করে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। ছাত্রীর আঘাত গুরুতর না হওয়ায় প্রাথমিক চিকিৎসার পর তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে।ইতিমধ্যেই দুর্ঘটনাগ্রস্ত বাসটিকে পুলিশ উদ্ধার করেছে এবং যান্ত্রিক ত্রুটির বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

# শিলিগুড়ি সূর্য সেন মহাবিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন মেয়র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৯ জানুয়ারি : শিলিগুড়ির সূর্য সেন মহাবিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন হলো ফুলবাড়িতে। সোমবার ফুলবাড়িতে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব। তিনি জানান কলেজে বর্তমানে প্রায় আট হাজার পড়ুয়া রয়েছে। শিলিগুড়ির বর্তমান ক্যাম্পাসে স্থান সঙ্কুলান না হওয়ায় এবং কলেজ ভবন সম্প্রসারনের স্থান না থাকায় প্রয়োজন হয়ে পড়েছিলো দ্বিতীয় ক্যাম্পাসের। ফুলবাড়িতে আঠারো একর জমিতে গড়ে তোলা হবে দ্বিতীয় ক্যাম্পাস। প্রথম পর্যায়ে কলেজের সীমানা প্রাচীরের কাজ শুরু করা হবে। এর জন্য ব্যয় হবে দেড় কোটি টাকা যা সম্পূর্ন ভাবে কলেজের নিজস্ব তহবিলের টাকা। পরবর্তীতে পর্যায়ক্রমে কলেজ ভবনের কাজ করা হবে। কলেজ ভবন নির্মানের কাজ শেষ হতে বেশ সময় লাগবে বলেও তিনি জানান। উপস্থিত ছিলেন এস জে ডি এ চেয়ারম্যান দিলীপ দুগার, শিলিগুড়ি পৌর নিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকার, কলেজের অধ্যক্ষ, অধ্যাপক অধ্যাপিকাগন সহ ছাত্র ছাত্রী গন।






EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |